দামুড়হুদার নতিপোতা ইউনিয়নে বিএনপি প্রার্থী বাবু খানের পথসভা

দামুড়হুদার নতিপোতা ইউনিয়নের বিভিন্ন স্থানে বিএনপির পথসভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার চুয়াডাঙ্গা-২ আসনের বিএনপি মনোনীত এমপি প্রার্থী ও চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি মাহমুদ হাসান খাঁন বাবু নতিপোতা ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে পৃথক কয়েকটি পথসভায় বক্তব্য রাখেন। প্রতিটি পথসভায় তিনি বিএনপির চলমান আন্দোলন, আগামী জাতীয় নির্বাচন, গণতান্ত্রিক অধিকারের প্রশ্ন ও সাধারণ মানুষের সমস্যাবলি নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

প্রথম পথসভাটি অনুষ্ঠিত হয় বেলা সাড়ে ৩টায় নতিপোতা ইউনিয়নের ৬নং ওয়ার্ডের কালিয়াবকরি রুদ্রপুর গ্রামে। সেখানে তিনি জনগণের অধিকার আদায়ের সংগ্রামকে বেগবান করতে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান। এরপর তিনি ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের কালিয়াবকরি গ্রামের শ্রী শ্রী রাম কৃষ্ণ মন্দির প্রাঙ্গণে দ্বিতীয় পথসভায় বক্তব্য রাখেন। ওই পথসভায় তিনি হিন্দু সম্প্রদায়ের মানুষের নিরাপত্তা, সাংস্কৃতিক স্বাধীনতা ও উন্নয়ন প্রসঙ্গে আশ্বাস দিয়ে বলেন—সব সম্প্রদায়ের মানুষের অধিকার বিএনপি সমানভাবে রক্ষা করবে। এরপর পথসভা হয় ইউনিয়নের ৮ ও ৯ নং ওয়ার্ডের হোগলডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় মাঠে। এখানে তিনি তরুণ ভোটারদের ভূমিকা, কৃষক-শ্রমিকের দুরবস্থা ও ন্যায্য অধিকার আদায়ের গুরুত্ব তুলে ধরে বলেন—দেশের ভবিষ্যৎ পরিবর্তনে জনগণের ভূমিকা সবচেয়ে গুরুত্বপূর্ণ। এসব পথসভায়ই স্থানীয় মানুষের বিপুল অংশগ্রহণ দেখা যায়। বিএনপির স্থানীয় নেতাকর্মীদের উপস্থিতি ও উচ্ছ্বাসে পুরো এলাকায় নির্বাচনী আমেজ সৃষ্টি হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক খালিদ মাহমুদ মিল্টন, দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, সিনিয়র সহসভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসার আবুল হাসেম, উপজেলা মহিলা সভানেত্রী সালমা জাহান পারুল।দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন, যুগ্ম সাধারণ সম্পাদক আনসার আলী, উপজেলা যুবদলের আহবায়ক মাহবুবুর রহমান

বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহবায়ক আরিফুল ইসলাম আরিফ, যুগ্ম আহ্বায়ক সোহেল রানা, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেন, জেলা ছাত্রদলের সভাপতি শাজাহান খান, উপজেলা ছাত্রদলের আহবায়ক আফজালুল রহমান সবুজসহ বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের কমিটি গঠনের প্রতিবাদে বিক্ষোভ

চুয়াডাঙ্গার দর্শনা সরকারি কলেজ ছাত্রদলে পকেট কমিটি ও অছাত্রদের দিয়ে কমিটি গঠনের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও কুশপুতুল দাহ করেছে কলেজ ছাত্রদলের নেতাকর্মীরা। গতকাল শুক্রবার রাত সাড়ে ৮টার দিকে দর্শনা পুরাতন বাজার এলাকা থেকে মিছিলটি শুরু হয়ে দর্শনা প্রেসক্লাবের সামনে গিয়ে শেষ হয়।

মিছিল শেষে বিক্ষুব্ধ ছাত্রদল নেতাকর্মীরা কমিটি গঠনকারীদের কুশপুতুল দাহ করেন। তারা অভিযোগ করেন, নিয়মিত ছাত্রদের বাদ দিয়ে পকেট কমিটি গঠন করা হয়েছে, যা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। বক্তারা হুঁশিয়ারি দিয়ে বলেন, এ কমিটি বাতিল না করা হলে বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে। পকেট কমিটি দিয়ে ছাত্ররাজনীতি চলতে পারে না।
তারা দ্রুত সময়ের মধ্যে নিয়মিত ছাত্রদের নিয়ে নতুন কমিটি গঠনের দাবি জানান।

বিক্ষোভ মিছিলে উপস্থিত ছিলেন শোয়েব আক্তার, আসিফ হাসান, সাফায়েত জামাল পাপ্পু, নাফিজ ইকবাল খান, অমিন, ইমন, রুপন, উৎসব, আরমান, সিদাত, শিবলী, আনারুন, আফ্রিদি, তৌহিদ, রমজানসহ দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের অসংখ্য নেতাকর্মী।

দর্শনা অনিবার্ণ থিয়েটারের কর্মী সভা অনুষ্ঠিত

দর্শনা অনিবার্ণ থিয়েটারের কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। সভাটি গতকাল শুক্রবার সন্ধ্যায় সাজ্জাদ হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠিত হয় এবং নিবার্হী সদস্য আওয়াল হোসেন এর সভাপতিত্বে পরিচালিত হয়।

সভায় কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অনিবার্ণ থিয়েটারের সদস্যদের মতামতের ভিত্তিতে আগামী ১৬ ডিসেম্বর বিজয় দিবস উদযাপন এবং ১৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ থিয়েটারের প্রতিষ্ঠাবার্ষিকী পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও নাট্য কর্মশালা, নতুন নাটকের রিহার্সেল এবং বছরের জন্য একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

সভায় মতামত প্রদান করেন অনিবার্ণ থিয়েটারের অর্থ সম্পাদক কবিরুল ইসলাম লিপু, প্রভাষক মিল্টন কুমার সাহ, আশানুর রহমান পলাশ, পপি, আজাদুল ইসলাম মিলন, হাবিবুর রহমান (ইদু), ববি, পূর্বা, রেশী, ফাইম আহম্মেদসহ মোট ২৫ জন সদস্য।

দর্শনায় সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সুস্থ্যতার জন্য দোয়া মাহফিল

সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার সুস্থ্যর জন্য দর্শনা পৌর বিএনপির আয়োজনে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মাহফিলটি দর্শনা পৌর বিএনপির একটি কার্যালয়ে অনুষ্ঠিত হয়, যার সভাপতিত্ব করেন বিএনপি নেতা মালেক মন্ডল। অনুষ্ঠানে বক্তব্য

রাখেন সাবেক দর্শনা পৌর বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ও সমন্বয়ক ইকবাল হোসেন। তিনি বলেন, বেগম খালেদা জিয়া একজন দেশের মা, যিনি বিগত সরকারের নানা অত্যাচারের স্বীকার হয়েও দেশের মানুষের কথা ভেবে দেশ ত্যাগ করেননি। তিনি ব্যক্তিগত কষ্ট ও নিযার্তনের মধ্যেও দেশের জন্য অদম্য নেতৃত্ব প্রদর্শন করেছেন।

দোয়া পরিচালনা করেন দর্শনা পুরাতন বাজার জামে মসজিদের পেশ ইমাম নুরুল ইসলাম। এছাড়া পৌর এলাকার বিভিন্ন মসজিদেও বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনা করে দোয়া পরিচালনা করা হয়েছে।

এসময় মাহফিলে উপস্থিত ছিলেন যুবদলের নেত্রী, বিএনপির আব্দুল জলিল, শাহাজাহান আলী, আরিফ, রবিউল ইসলাম হেবা এবং অসংখ্য নেতা ও কর্মী। দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন সাবেক ছাত্রদল নেতা আব্দুল্লাহ আল মামুন।

ধানের শীষে ভোট দিলে দেশের মানুষ প্রকৃত মালিকানা ফিরে পাবে

চুয়াডাঙ্গা-২ আসনের বিএনপির মনোনীত প্রার্থী জেলা বিএনপির সভাপতি, বিজিএমইএ সভাপতি ও কেন্দ্রীয় বিএনপির উপ-কোষাধ্যক্ষ মাহমুদ হাসান খান বাবু দামুড়হুদা সদর ইউনিয়নের দেউলী, চিৎলা, বদনপুর, মুক্তারপুর ও হাতভাঙ্গায় পথসভা করেছেন। গতকাল শুক্রবার বিকাল তিনটা থেকে রাত ৮টা পর্যন্ত বিভিন্ন স্থানে এই পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় প্রধান অতিথির বক্তব্যে মাহমুদ হাসান খান বাবু বলেন, আসন্ন জাতীয় নির্বাচনকে সামনে রেখে তিনি দলীয় অবস্থান, গণতান্ত্রিক অধিকার এবং এলাকার উন্নয়নমূলক প্রতিশ্রুতি নিয়ে কথা বলেন। তিনি আরও বলেন, “হাজার মাইল দূর থেকে যদি বিএনপির মতো এতবড় একটি দলকে জুলুম ও নির্যাতনের পরও ঐক্যবদ্ধ রাখা যায়, একই ছাতার নিচে রাখা যায়, তবে আমরা যদি তারেক রহমানকে ভোটের মাধ্যমে

আগামী দিনের প্রধানমন্ত্রী করতে পারি, তাহলে দেশের মানুষ তাদের রাষ্ট্র মালিকানা, গণতান্ত্রিক অধিকার, ভোটের অধিকার সবকিছু ফিরে পাবে। দেশের জনগণই দেশের প্রকৃত মালিক এবং সেই মালিকানা ফিরে পাবে।”

তিনি আরও বলেন, পাঁচ বছর পরপর নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে জনগণ নিজের ভোটের মাধ্যমে গণতান্ত্রিক অধিকার নিশ্চিত করতে পারবে। সর্বশেষ তিনি আগামী ২৬ সালের ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচনে ধানের শীষ প্রতীকে ভোট দেওয়ার আহবান জানান।

এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক খালিদ মাহমুদ মিল্টন, দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, সিনিয়র সহসভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাসেম, উপজেলা মহিলা সভানেত্রী সালমা জাহান পারুল, সদর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন, যুগ্ম সাধারণ সম্পাদক আনসার আলী, উপজেলা যুবদলের আহবায়ক মাহবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহবায়ক আরিফুল ইসলাম আরিফ, সোহেল রানা, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেন, জেলা ছাত্রদলের সভাপতি শাজাহান খান, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল রহমান সবুজসহ বিএনপি ও অঙ্গসংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

আলমডাঙ্গায় দেশীয় অস্ত্র ও ককটেলসহ তিন বিএনপি নেতা গ্রেফতার

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় অভিযান চালিয়ে দেশীয় অস্ত্র, অবিস্ফোরিত ককটেল ও হরিণের চামড়াসহ সাবেক ডাউকি ইউনিয়ন বিএনপির সেক্রেটারি আব্দুল হান্নানসহ তিন বিএনপি নেতাকে গ্রেফতার করেছে যৌথবাহিনী।

গতকাল শুক্রবার দিবাগত রাতে উপজেলার ডাউকি ইউনিয়নের ছত্রপাড়া

এলাকা থেকে তাদের আটক করা হয়। অভিযানে নেতৃত্ব দেন আলমডাঙ্গা সেনা ক্যাম্প কমান্ডার মেজর রাফিদুল ইসলাম প্রামাণিক।

গ্রেফতারকৃতরা হলেন উপজেলার ডাউকি ইউনিয়নের ছত্রপাড়া এলাকার মৃত বদর উদ্দীনের ছেলে আব্দুল হান্নান (৪৫), রবিউল ইসলামের ছেলে শামিম হোসেন (৪৭) ও মনিরুল ইসলামের ছেলে লাল্টু রহমান (৪০)। তারা তিনজনই বিএনপি রাজনীতির সঙ্গে জড়িত বলে জানা গেছে।

এ সময় তাদের কাছ থেকে ৭টি দেশীয় ধারালো অস্ত্র, ২টি অবিস্ফোরিত ককটেল বোমা, ৩টি ফালা, ১টি হরিণের চামড়া ও ১টি মোবাইল ফোন উদ্ধার করা হয়। শুক্রবার সকালে আটকৃত তিন আসামিসহ উদ্ধারকৃত অস্ত্রগুলো আলমডাঙ্গা থানা পুলিশের নিকট হস্তান্তর করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা যায়, নাশকতার উদ্দেশ্যে কয়েকজন ব্যক্তি ছত্রপাড়া এলাকায় দেশীয় অস্ত্র ও ককটেলসহ অবস্থান করছে এমন তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে তিনজনকে আটক করা হয়। এ সময় তাদের কাছ থেকে ৭টি দেশীয় ধারালো অস্ত্র, ২টি ককটেল বোমা, ৩টি ফালা ও ১টি হরিণের চামড়া উদ্ধার করে যৌথবাহিনী। তাদের বিরুদ্ধে অস্ত্র ও বিস্ফোরক আইনে মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) মাসুদুর রহমান জানান, দেশীয় অস্ত্র, ককটেল ও হরিণের চামড়াসহ তিনজনকে আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে অস্ত্র ও বিস্ফোরক আইনে মামলা দায়ের করা হয়েছে। আজ শুক্রবার দুপুরে আদালতের মাধ্যমে তাদের চুয়াডাঙ্গা জেলা কারাগারে পাঠানো হবে।

৩য় দিনের আন্দোলনে দর্শনা কেরুজ শ্রমিকদের ৯ ঘন্টা অবরুদ্ধ

দর্শনা কেরুজে টানা তৃতীয় দিনের আন্দোলনে শ্রমিকরা ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসানসহ ব্যবস্থাপনা পর্ষদের কর্তাদের ৯ ঘণ্টা

ধরে অবরুদ্ধ করে রাখে।

গতকাল বৃহস্পতিবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত শ্রমিকরা এমডি রাব্বিক হাসানসহ শীর্ষ কর্মকর্তাদের অফিসে আটকে রাখে। পরে সেনাবাহিনী ও দর্শনা থানার ওসি (তদন্ত) সুলতান মাহমুদের সহায়তায় তারা অফিস ত্যাগ করেন।

এ সময় এমডি রাব্বিক হাসান বলেন, শিল্প মন্ত্রণালয়ের উপদেষ্টাদের সঙ্গে আলোচনা হয়নি, তবে আগামী রবিবার সিদ্ধান্ত দেওয়া হবে বলে তিনি শ্রমিকদের আশ্বস্ত করেন। ঘটনার পর কেরু ক্যাম্পাস এলাকায় অতিরিক্ত পুলিশ ও সেনাবাহিনী মোতায়েন করা হয়েছে।

এ বিষয়ে সাবেক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম পিন্স বলেন, আমাদের দাবি না মানা পর্যন্ত আমরা আন্দোলন চালিয়ে যাব। এটি আমাদের যৌক্তিক দাবি। তিনি আরও অভিযোগ করেন, এমডি রাব্বিক হাসান হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টের রায় মানছেন না এবং নির্বাচন বানচালের চেষ্টা করছেন।

দেশের ঐতিহ্যবাহী চিনিকল দর্শনা কেরু অ্যান্ড কোম্পানির প্রায় এক বছর ধরে বন্ধ থাকা শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের দ্বিবার্ষিক নির্বাচনের দাবিতে শ্রমিকরা লাগাতার বিক্ষোভ, সমাবেশ, অবরোধ ও অবস্থান ধর্মঘট চালিয়ে যাচ্ছে। গত বছরের ১৪ মার্চ অনুষ্ঠিতব্য নির্বাচন একজন শ্রমিক নেতার বদলিকে কেন্দ্র করে উত্তপ্ত পরিস্থিতির কারণে ১১ মার্চ নির্বাহী আদেশে বন্ধ ঘোষণা করা হয়। পরে শ্রমিকপক্ষ হাইকোর্টে রিট করেন এবং আদালত নির্বাচন অনুষ্ঠানের নির্দেশ দেন। শ্রম অধিদপ্তরের কর্মকর্তারাও কয়েক দফা কেরু পরিদর্শন করে নির্বাচন উপযোগী পরিবেশ আছে বলে মত দেন।

তবুও প্রায় এক বছর নির্বাচন না হওয়ায় শ্রমিকদের মধ্যে ক্ষোভ ছড়িয়ে পড়ে এবং গত কয়েকদিন ধরে তারা ধারাবাহিক আন্দোলনে নেমেছে। বৃহস্পতিবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত তারা এমডিকে অবরুদ্ধ করে রাখে।

এ বিষয়ে জানতে চাইলে এমডি রাব্বিক হাসান বলেন, নির্বাচন বিষয়ে আমি সিদ্ধান্ত নেব না। সদর দপ্তরকে অবহিত করেছি, তারা যা সিদ্ধান্ত দেবে আমি তা অনুসরণ করব।

আন্দোলনে অংশ নেন সাবেক সভাপতি তৈয়ব আলী, সাবেক সহ-সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমানসহ ২-৩ শ’ নেতা-কর্মী।

আলমডাঙ্গায় রাষ্ট্রীয় মর্যাদায় চিরনিদ্রায় বীর মুক্তিযোদ্ধা আবুল কুদ্দুস

আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নের খোরদ গ্রামের গর্ব, মহান মুক্তিযুদ্ধে বীরত্বের স্বাক্ষর রাখা বীর মুক্তিযোদ্ধা আবুল কুদ্দুস (৬৮) আর নেই। তিনি গত বুধবার দিবাগত রাতে বার্ধক্যজনিত বিভিন্ন শারীরিক জটিলতায় ইন্তেকাল করেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

গতকাল বৃহস্পতিবার সকাল ৯টা ৩০ মিনিটে খোরদ কবরস্থানে রাষ্ট্রীয় মর্যাদায় তাঁর দাফন সম্পন্ন করা হয়। দাফন কার্যক্রমে জাতীয় পতাকা অর্পণ, গার্ড অব অনারসহ রাষ্ট্রীয় সব আনুষ্ঠানিকতা যথাযথভাবে পালন করা হয়। সেনাবাহিনীর পক্ষ থেকে সালামি প্রদানের মাধ্যমে বীর মুক্তিযোদ্ধাকে শেষ শ্রদ্ধা জানানো হয়।

মৃত্যুকালে তিনি স্ত্রী, তিন মেয়ে, দুই ছেলে এবং বহু গুণগ্রাহী রেখে যান।

পারিবারিক সূত্রে জানা যায়, বীর মুক্তিযোদ্ধা আবুল কুদ্দুস দীর্ঘদিন ধরে বার্ধক্যজনিত নানা রোগে ভুগছিলেন। তাঁর মৃত্যুতে পরিবার-পরিজন, স্থানীয় জনসাধারণ ও মুক্তিযোদ্ধা মহলে গভীর শোকের ছায়া নেমে এসেছে।

দাফন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ও সহকারী কমিশনার (ভূমি) অশীষ কুমার বসু, স্থানীয় জনপ্রতিনিধি, সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ এবং এলাকার অসংখ্য সাধারণ মানুষ। সবাই বীর মুক্তিযোদ্ধার রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।

চুয়াডাঙ্গা থেকে বিশ্বমঞ্চে, থাইল্যান্ডে যাচ্ছে জিহাদরা

চুয়াডাঙ্গার দর্শনা আবারও আলোচনায়; নিজস্ব মেধা, উদ্ভাবন ও প্রযুক্তিতে সাফল্য দেখিয়ে আন্তর্জাতিক ক্ষেত্রে জায়গা করে নিয়েছে চুয়াডাঙ্গা বিজ্ঞান ও রোবট ক্লাব। জিহাদের নেতৃত্বে দলটি জাতীয় পর্যায়ে অসাধারণ নৈপুণ্য প্রদর্শন করে অর্জন করেছে বহুল কাঙ্ক্ষিত আন্তর্জাতিক পর্বে অংশগ্রহণের সুযোগ।

বাংলাদেশ তরুণ বিজ্ঞানী ও উদ্ভাবক সমিতি (বাইসিস) আয়োজিত বিশ্ব যুব বিজ্ঞান আবিষ্কার উদ্ভাবন ‘জাতীয় পর্ব’ প্রতিযোগিতাটি গত ১৯ নভেম্বর বুধবার রাজধানীর তেজগাঁওয়ে সাউথইস্ট ইউনিভার্সিটি ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শতাধিক দল এই প্রতিযোগিতায় অংশ নেয়। এর মধ্যেই নজর কাড়ে দামুড়হুদার দর্শনা থেকে অংশ নেওয়া চুয়াডাঙ্গা বিজ্ঞান ও রোবট ক্লাব।

সারাদেশ থেকে মাত্র ১০টি দল আন্তর্জাতিক পর্বের (থাইল্যান্ড-২০২৬) জন্য নির্বাচিত হয়েছে। সেই তালিকায় গর্বের সঙ্গে জায়গা করে নিয়েছে চুয়াডাঙ্গার দলটি। জাতীয় পর্যায়ে তারা তিনটি গুরুত্বপূর্ণ সম্মাননা অর্জন করেছে স্বর্ণপদক (যন্ত্রমানব ও চালকবিহীন বিমান বিভাগ) শ্রেষ্ঠ উদ্ভাবনী ধারণা পুরস্কার এবং শ্রেষ্ঠ ক্লাব সহযোগী স্বীকৃতি।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাউথইস্ট ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইজিলিশ ইন্টারন্যাশনাল (সিঙ্গাপুর)-এর পরিচালক সোলাইমার্ন লেখেম ও সমন্বয়ক থিওয়ারা চিতজুই। আরও উপস্থিত ছিলেন প্রযুক্তি মাধ্যম সংগঠন বাংলাদেশের সভাপতি মোহাম্মদ কাউসার উদ্দিন, ব্যাপনের প্রধান নির্বাহী কর্মকর্তা ডা. রিফাত মাহবুব এবং নাবাটেক বিশ্বের প্রতিষ্ঠাতা নাদিমুল হক জুলাস। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বাইসিসের সভাপতি মোসাদ্দেক হোসেন।

দর্শনা পরানপুর গ্রামের জয়নাল আবেদিন ও নাসরিন খাতুন দম্পতির একমাত্র ছেলে জাহিদ হাসান জিহাদ নিজের প্রতিভা, নেতৃত্ব এবং একনিষ্ঠ পরিশ্রম দিয়ে জাতীয় পর্যায়ে একটি শক্ত অবস্থান তৈরি

করেছেন। যন্ত্রমানবে তার দক্ষতা এবং দলের প্রতি তার নিবেদন ব্যাপক প্রশংসা কুড়িয়েছে।

দলে জিহাদের সঙ্গে ছিলেন আরও দুই মেধাবী সদস্য ওয়ারিদ আব্দুল্লাহ ও নুজহাত ফাইজা। পুরো দলের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন পরামর্শদাতা সাদেকুল ইসলাম।

আগামী ২৮ জানুয়ারি ২০২৬ থাইল্যান্ডে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক পর্বে দলটি বাংলাদেশকে প্রতিনিধিত্ব করবে। সেখানে তারা বিশ্বের বিভিন্ন দেশের তরুণ উদ্ভাবকদের সঙ্গে প্রতিযোগিতায় অংশ নেবে। চুয়াডাঙ্গার মানুষের জন্য এটি নিঃসন্দেহে এক ঐতিহাসিক অর্জন।

নিজ অনুভূতি জানিয়ে জিহাদ বলেন, এই সাফল্য দর্শনা ও চুয়াডাঙ্গার মানুষের। কঠোর পরিশ্রমের ফলস্বরূপ আমরা স্বর্ণপদক অর্জন করেছি। বিশ্বমঞ্চে দেশের পতাকা বহন করা আমাদের স্বপ্ন ছিল, এখন সেই স্বপ্ন পূরণের সুযোগ পেয়েছি। চাই, আমাদের সাফল্য তরুণদের বিজ্ঞানচর্চায় আরও অনুপ্রাণিত করুক।

জিহাদের মা-বাবা জানান, শৈশব থেকেই জিহাদের প্রযুক্তির প্রতি গভীর আগ্রহ। আজ তার পরিশ্রমের মূল্য মিলেছে। আমরা চাই সে দেশকে আরও বড় করে তুলে ধরুক। সবার দোয়া ও ভালোবাসা যেন তার সঙ্গে থাকে।

দামুড়হুদায় শিক্ষা প্রদর্শনী ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদায় মারকাযুস সুন্নাহ বালক-বালিকা কওমী মাদরাসায় শিক্ষা প্রদর্শনী ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা ১১টায় মাদরাসা প্রাঙ্গণে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে অত্র প্রতিষ্ঠানের সভাপতি হাজী আব্দুল কাদিরের সভাপতিত্বে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মুফতি জুনাঈদ হাবিবী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা অফিসার

আবু হাসান এবং আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের সাবেক প্রিন্সিপাল কামাল উদ্দিন।

আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অত্র প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক কুতুব উদ্দিন, বিশিষ্ট ব্যবসায়ী নিজাম উদ্দিন, বাসস্ট্যান্ড জামে মসজিদের ইমাম হাজী আব্দুস সবুর, বাসস্ট্যান্ড জামে মসজিদের সেক্রেটারি ডা. মনির খান এবং প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা পরিচালক মুফতি একলাছুর রহমান।

এছাড়া আরও উপস্থিত ছিলেন অতিথিবৃন্দ, সুধীজন, প্রতিষ্ঠানের সকল শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।
অনুষ্ঠান শেষে শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।